# আস-সফ | As-Saff | ٱلصَّفّ

আয়াতঃ ৬১ : ২

## আরবি মূল আয়াত:

يٰٓاَيُّهَا الَّذِينَ اٰمَنُوا لِمَ تَقُولُونَ مَا لَا تَفعَلُونَ ﴿٢﴾

## অনুবাদসমূহ:

হে ঈমানদারগণ, তোমরা তা কেন বল, যা তোমরা কর না? — আল-বায়ান

হে মু’মিনগণ! তোমরা এমন কথা কেন বল যা তোমরা কর না। — তাইসিরুল

হে মু’মিনগণ! তোমরা যা করনা তা তোমরা কেন বল? — মুজিবুর রহমান

O you who have believed, why do you say what you do not do? — Sahih International

### ২. হে ঈমানদারগণ! তোমরা যা কর না তা তোমরা কেন বল?

-

তাফসীরে জাকারিয়া

### (২) হে বিশ্বাসীগণ! [1] তোমরা যা কর না, তা বল কেন?

[1] এখানে সম্বোধন যদিও ব্যাপক, তবুও প্রকৃতপক্ষে সেই মু’মিনদেরকেই লক্ষ্য করে বলা হয়েছে, যাঁরা বলাবলি করছিলেন যে, আমরা যদি আল্লাহর কাছে সর্বাধিক প্রিয় কাজ কি জানতে পারি, তাহলে আমরা তা করব। কিন্তু যখন তাদেরকে সেই প্রিয় কাজটা বলে দেওয়া হল, তখন তারা অলস হয়ে গেল। তাই তাদেরকে ধমক দেওয়া হচ্ছে যে, কল্যাণকর যেসব কথা বল, তা কর না কেন? যে কথা মুখে বল, তা কাজে কর না কেন? যা জবান দিয়ে বল, তা রক্ষা কর না কেন?

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5165

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন